গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৩ (তিন) বৎসরের জন্য, "স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশন" এর সেবামূলক কার্যক্রম পরিচালনা ও দান বা অনুদান হইতে প্রাপ্ত আয়কে, এবং উক্ত ফাউন্ডেশনকে কোন করদাতা কর্তৃক প্রদত্ত দান বা অনুদানকে উক্ত করদাতার অনুকূলে, উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:-

শর্তসমূহ:

(ক) এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট অব্যাহতিপ্রাপ্ত আয় কেবল "স্বর্ণ-কিশোরী নেটওয়ার্ক ফাউন্ডেশন" এর সেবামূলক কাজে ব্যবহার করিতে হইবে ; এবং

(খ) উক্ত ফাউন্ডেশনকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ণ দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন উহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner